# পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি

মরিচাল, হুলারহাট, পিরোজপুর।
ইমেইল নং- gmppbs @yahoo.com.


স্মারক নং- ২৭.১২.৭৯৮০.৫২১.০২.০০৮.২৪. ২১০৬

তারিখঃ ২৭ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ
১২ ডিসেম্বর, ২০২৪ খৃষ্টাব্দ

## আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি

পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-এ নিম্নবর্ণিত পদে চুক্তিভিত্তিতে লোকবল নিয়োগ/প্যানেল প্রস্তুতের নিমিত্ত নিম্নবর্ণিত যোগ্যতা, অভিজ্ঞতা এবং শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আগ্রহী প্রাক্তন মিটার রিডার/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট হতে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

| ক্রম নং | পদের নাম | বেতন স্কেল | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | মিটার রিডার কাম- ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪,৭০০/- হতে ২৬,৪৮০/- টাকা। পবিস নির্দেশিকা/সার্কুলার/ সর্বশেষ কর্মরত পবিস কর্তৃক প্রদত্ত বেতনের প্রত্যয়নপত্র অনুযায়ী বেতন ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | (১) **বয়স সীমাঃ** প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা ৫২ (বায়ান্ন) বছর (২৬/১২/২০২৪ খ্রিঃ তারিখে)। তবে সর্বোচ্চ ০৯ (নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটা আগে আসে) চাকুরী করতে পারবেন।<br>(২) **অভিজ্ঞতাঃ** আগ্রহী প্রার্থীর মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে ০৩ (তিন) বছর/ ০৬ (ছয়) বছর/ ০৯ (নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্ম সম্পাদনের পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে।<br>(৩) **অন্যান্য যোগ্যতাঃ**<br>(ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।<br>(খ) প্রার্থীর নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে এবং বাইসাইকেল চালনায় পারদর্শী হতে হবে। দৃষ্টিশক্তি ত্রুটিমুক্ত (মিটার রিডিং গ্রহণে সক্ষম) হতে হবে।<br>(গ) নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছরের চুক্তিকালীন সময়ে প্রতি বছর প্রথম পক্ষ (পিরোজপুর পবিস) কর্তৃক দ্বিতীয় পক্ষের কর্মমূল্যায়ন যাচাই করা হবে। কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ সমাপনান্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে ন্যূনতম ০১/০২ (এক/দুই) টি কর্মদিবস বিরতি দিয়ে একই সমিতিতে পরবর্তী ০৩ (তিন) বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদিত হবে। অতঃপর একইভাবে সন্তোষজনক কর্মমূলায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদিত হবে। তবে সর্বোচ্চ ৯ (নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে। |

### শর্তাবলীঃ

**১। আবেদন পত্র পূরণ ও জমাদানঃ**

পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি- এর ওয়েব সাইড (www.pbs.pirojpur.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং- পমাসপ-১১০-০০২, ভার্সন-০১) ডাউন লোড পূর্বক স্বহস্তে পূরণ করে আগামী ২৬/১২/২০২৪ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে **"জেনারেল ম্যানেজার, পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মরিচাল হুলারহাট, পিরোজপুর"** বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে আবেদনপত্র পৌঁছাতে হবে। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

**২। আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদী সংযুক্ত করতে হবেঃ**

(ক) সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি;
(খ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি;
(গ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;
(ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার অথবা বাপবিবো/পবিস এর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(ঙ) সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত "অভিজ্ঞতা সনদ" যা সর্বশেষ কর্মরত পবিসের এজিএম (প্রশাসন/মানব সম্পদ) কর্তৃক সত্যায়িত থাকতে হবে।

**০৩। অন্যান্য শর্তাবলীঃ**

(ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে অত্র পবিসের অনুকূলে ১০,০০০/- (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসাবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফাসহ নিয়মানুযায়ী ফেরত প্রদান করা হবে।

(খ) জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে বাপবিবোর্ডের স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫৮,০০১.১৮.৩৬২৫, তারিখঃ ১২/১১/২০১৮খ্রিঃ এর নির্দেশনা অনুসরণ করা হবে।

(গ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লেখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন) উল্লেখ করতে হবে।

(ঘ) যেসকল প্রার্থী ইতঃপূর্বে অত্র পবিসে মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/ মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।

(ঙ) বর্তমানে বিভিন্ন পবিসে কর্মরত মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

(চ) অত্র পবিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকগণের রক্ত সর্ম্পকীয় কেউ অথবা তাঁদের স্বামী/স্ত্রীগণের রক্ত সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

(ছ) চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বেই কোন পবিস হতে শৃঙ্খলাজনিত কারণে বা স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/ অপসারিত/ বরখাস্তকৃত/ চাকুরীচ্যুত/ দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ড প্রাপ্ত হলে তাঁদের আবেদন করার প্রয়োজ নাই।

(জ) প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল প্রদান করলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে বরখাস্ত করণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঝ) চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদকালীন সময়ের মধ্যেই বলবৎ থাকবে; যা কখনো কোনক্রমেই নিয়মিত হবে না।

(ঞ) চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার কাম-ম্যাসেঞ্জারগণ কোন বিদ্যুৎ সংক্রান্ত ব্যবসা, রাজনীতি বা অন্য কোন প্রতিষ্ঠানে চাকুরীতে সার্বক্ষনিক বা খন্ডকালীনভাবে নিয়োজিত হতে বা থাকতে পারবেন না।

(ট) পিরোজপুর জেলার স্থায়ী বাসিন্দা এবং অত্র পবিসের ভৌগোলিক এলাকা বরগুনা জেলার পাথরঘাটা ও বামনা উপজেলার স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।

(ঠ) অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২২/১২/২৪
(মোঃ নুরুল হুদা)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

**<u>সদয় অবগতির জন্য অনুলিপিঃ</u>**

১। নির্বাহী পরিচালক, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।
২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল)/পবিস মানবসম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, ..............................পবিস-১/২/৩/৪।
৪। ডিজিএম (সদর দপ্তর-কারিগরী)/মঠবাড়িয়া/পাথরঘাটা/নাজিরপুর/স্বরুপকাঠী জোনাল অফিস, পিপবিস।
৫। এজিএম (ওএন্ডএম), ভান্ডারিয়া/বামনা/ জগন্নাথকাঠী সাব-জোনাল অফিস, পিপবিস।
৬। এজিএম (ওএন্ডএ/ইএন্ডসি/অর্থ/প্রশাসন/মানব-সম্পদ), পিপবিস।
৭। এজিএম (আইটি), পিপবিস- ওয়েব সাইটে প্রকাশের জন্য।
৮। নোটিশ বোর্ড, পিপবিস।
৯। অফিস/মাষ্টার কপি।

২২/১২/২৪
(মোঃ নুরুল হুদা)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

পমাসপ ফরম ১১০-০০২
ভার্সন -০১
অনুমোদিতঃ ২৭-০৪-২০১৪খ্রিঃ।

ফরম নং ঃঃ পমাসপ ১১০-০০২, ভার্সন-০১, তারিখ------------------------

পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-এর মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ/প্যানেল তৈরীর আবেদন ফরম
( সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

জেনারেল ম্যানেজার
পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি
মরিচাল, হলারহাট, পিরোজপুর।

............................................................................................
০১. আবেদনকৃত পদের নাম (বিজ্ঞপ্তিতে যে ভাবে উল্লেখ আছে)

...................................................................
০২. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম

...................................................
০৩. প্রকাশনার তারিখ

....................................................
০৪. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)

..........................................
(বড় হাতের অক্ষর ইংরেজীতে)

..............................................................................
০৫. (জন্ম তারিখ (এসএসসি পরীক্ষার সনদ/ নিবন্ধন অনুযায়ী)
............/............/............(দিন/মাস/বছর)

.............................................
০৬. মাতার নাম

০৭. বয়স (২৬/১২/২০২৪খ্রিঃ তারিখে)

.........................................................
০৮. পিতার নাম

০৯. ধর্ম .........................................

...........................................................
১০. জাতীয়তা ও ভোটারর আইডি নং

১১. নিজ জেলা ........................................

...................................................
১২. মোবাইল ফোন নম্বর

১৩. বৈবাহিক অবস্থা (টিক (√) দিন

| | বিবাহিত | | অবিবাহিত |
|---|---|---|---|

১৪. স্থায়ী ঠিকানাঃ

| ........................................ | ........................................ | ........................................ | ........................................ |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাক ঘর | গ. উপজেলা/ থানা | ঘ. জেলা |

১৫. যে ঠিকানায় প্রার্থী প্রবেশপত্র /নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

| ........................................ | ........................................ | ........................................ | ........................................ |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাক ঘর | গ. উপজেলা/ থানা | ঘ. জেলা |

১৬. অভিজ্ঞার বিবরণ ( সনদ দ্বারা সমর্থিত হতে হবে)ঃঃ

১৭. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ ( শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে)ঃ

| নিয়োগকারী কর্তৃপক্ষেরর নাম ও ঠিকানা | চাকুরীর/ পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগ/অব্যহতির তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

১৮. আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি - তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমানিত হয়, তাহলে পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে পিরোজপুর পবিস কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

....................................................... তারিখ

....................................................... আবেদনকারীর স্বাক্ষর